## সন্ত্রাসবাদ মোকাবিলা বিষয়ে ভারত-ইন্দোনেশিয়া যৌথ কার্যকরী গোষ্ঠীর 7তম বৈঠক

সন্ত্রাসবাদ মোকাবিলা বিষয়ে ভারত-ইন্দোনেশিয়া যৌথ কার্যকরী গোষ্ঠীর 7তম বৈঠক 12 নভেম্বর 2026 তারিখে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। বৈঠকে ভারতের বিদেশ মন্ত্রকের অতিরিক্ত সচিব (সন্ত্রাসবাদ দমন) ডঃ সুহেল আজাজ খান এবং ইন্দোনেশিয়ার জাতীয় সন্ত্রাসবাদ বিরোধী সংস্থা (বিএনপিটি)-র আন্তর্জাতিক সহযোগিতা বিভাগের উপ-প্রধান শ্রী ডাওনিসিয়াস এলভান সোয়াসোনো যৌথভাবে সভাপতিত্ব করেন। উভয় পক্ষের সংশ্লিষ্ট বিভাগ এবং সংস্থার প্রতিনিধিরাও এই বৈঠকে অংশগ্রহণ করেন।

2. কৌশলগত অংশীদার হিসাবে, উভয় পক্ষই সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং মোকাবিলায় দ্বিপাক্ষিক সহযোগিতার গুরুত্বের ওপর জোর দেয়। উভয়েই সন্ত্রাসবাদের সব ধরনের রূপ ও যাবতীয় প্রকাশের দ্ব্যর্থহীন ও কঠোর নিন্দা জানায় এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে শূন্য সহনশীলতার নীতি পুনর্ব্যক্ত করে। উভয় পক্ষই সামগ্রিক ও ধারাবাহিকভাবে সন্ত্রাসবাদ মোকাবিলায় আন্তর্জাতিক স্তরে দৃঢ় ও সমন্বিত প্রচেষ্টা চালানোর আহ্বান জানায়।

3. উভয়েই দেশের অভ্যন্তরে, আঞ্চলিক ও আন্তর্জাতিক স্তরে সন্ত্রাসবাদের পরিস্থিতি এবং সন্ত্রাসবাদজনিত হুমকির মূল্যায়ন, বিশেষত আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদ সম্পর্কে মতবিনিময় করে। সন্ত্রাসবাদ মোকাবিলার ক্ষেত্রে বর্তমান ও উদীয়মান সমস্যাগুলি সম্পর্কে তারা আলোচনা করেন যার মধ্যে ছিল সন্ত্রাসবাদের অনুকূল পরিবেশ সৃষ্টিকারী উগ্রপন্থার প্রসার ও হিংসাত্মক চরমপন্থা প্রতিরোধ, সন্ত্রাসবাদে অর্থায়ন বন্ধ করা, সন্ত্রাসবাদী উদ্দেশ্যে ইন্টারনেট এবং নতুন ও উদীয়মান প্রযুক্তির অপব্যবহার রোধ করা এবং সংগঠিত অপরাধ ও সন্ত্রাসবাদের মধ্যে যোগসূত্র মোকাবিলা করা।

4. উভয় পক্ষই সামগ্রিক ও ধারাবাহিকভাবে সন্ত্রাসবাদ মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা আরও জোরদার করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে। বিশ্বব্যাপী সন্ত্রাসবাদ কার্যকরভাবে মোকাবিলার লক্ষ্যে উভয় পক্ষই রাষ্ট্রসঙ্ঘ, আসিয়ান, ব্রিকস এবং এফএটিএফ-সহ বিভিন্ন বহুপাক্ষিক মঞ্চে সহযোগিতা আরও জোরদার করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে।

5. সন্ত্রাসবাদ মোকাবিলায় অব্যাহত সহযোগিতা ভারত-ইন্দোনেশিয়ার ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের একটি গুরুত্বপূর্ণ দিক হিসেবে বিবেচিত হয়।

6. দ্বিপাক্ষিক সক্ষমতা বৃদ্ধির বিভিন্ন উপায় সম্পর্কে আলোচনা করার জন্য ইন্দোনেশিয়ার প্রতিনিধিদল 13 নভেম্বর 2026 তারিখে ন্যাশনাল সিকিউরিটি গার্ডের (এনএসজি) সদর দপ্তরও পরিদর্শন করবে।

7. উভয় পক্ষ পারস্পরিক সুবিধাজনক তারিখে জাকার্তায় সন্ত্রাসবাদ মোকাবিলা বিষয়ক যৌথ কার্যকরী গোষ্ঠীর পরবর্তী বৈঠক আয়োজনের বিষয়ে সম্মত হয়।

নয়া দিল্লি

12 নভেম্বর, 2026